গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৪১.০০৫.০০.০০.০০৭.২০১৫-১২৮ তারিখঃ ০৪.০৬.২০১৭ খ্রিঃ।

মনিটরিং সেল গঠন সংক্রান্ত আদেশ

স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন সরকারি হাসপাতাল/স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান ও হাসপাতালের স্বাস্থ্যসেবা প্রদান ও ব্যবস্থাপনাগত বিষয়ে সার্বিক কার্যক্রম মনিটরিং এর লক্ষ্যে নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে একটি মনিটরিং সেল গঠন করা হল:

১.	জনাব ফয়েজ আহম্মদ, অতিরিক্ত সচিব (প্রশাসন)	আহবায়ক
২.	জনাব মসিউর রহমান, যুগ্মসচিব (নার্সিং ও মিডওয়াইফারী)	সদস্য
৩.	জনাব জাকিয়া সুলতানা, যুগ্মসচিব (সরকারি ও বেসরকারি ব্যবস্থাপনা এবং মনিটরিং)	সদস্য
৪.	জনাব আ: গাফ্ফার খান, যুগ্ম সচিব (প্রশাসন)	সদস্য
৫.	জনাব মো: সাইফুল হাসান বাদল, যুগ্মসচিব (ক্রয় ও সংগ্রহ এবং সিবিএমই)	সদস্য
৬.	ড: মো: এনামুল হক, উপ সচিব (বাজেট-১, ২, ৩, ৪)	সদস্য
৭.	জনাব নাহিদ সুলতানা মল্লিক, উপসচিব (মানবসম্পদ)	সদস্য
৮.	জনাব হাসান মাহমুদ, উপসচিব (নির্মাণ/মেরামত/ক্রয় ও সংগ্রহ)	সদস্য
৯.	জনাব মো: মোতাহার হোসেন, উপসচিব (বিশ্বস্বাস্থ্য-১/২)	সদস্য
১০.	জনাব মো: রেজাউল আলম, উপসচিব (প্রশাসন-১)	সদস্য
১১.	জনাব আসমা তাসকিন, উপসচিব (শৃঙ্খলা)	সদস্য
১২.	জনাব মোঃ মজিবুর রহমান, উপপ্রধান (স্বাস্থ্য) পরিকল্পনা অনুবিভাগ	সদস্য
১৩.	জনাব মাকসুদা ইয়াসমিন, সিনিয়র সহকারী সচিব (জনস্বাস্থ্য-১/২ এবং ঔষধ প্রশাসন-১, ২ ও নীতি)	সদস্য
১৪.	জনাব এস এম জাহাঙ্গীর হোসেন, সিনিয়র সহকারী সচিব (প্রবা-১/২)	সদস্য
১৫.	জনাব মো: লুৎফর রহমান, উপসচিব, প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়)	সদস্য সচিব

২। **সেলের কার্য পরিধি:**

২.১: সেলের দুই পদাধিকারী কর্মকর্তা পারস্পরিক সমঝোতার ভিত্তিতে 'Monitoring Pair' বা 'পরিবীক্ষণ জুটি' গঠনপূর্বক আকস্মিক পরিদর্শন কার্যক্রম গ্রহণ করবেন। তবে সময়ে সময়ে জুটি পরিবর্তন করা যেতে পারে এবং প্রয়োজনে এককভাবেও পরিদর্শন করা যেতে পারে।

২.২: জুটির অনুজ কর্মকর্তা অগ্রজ কর্মকর্তাকে প্রয়োজনীয় সহায়তাদান করবেন এবং অগ্রজ কর্মকর্তা অনুজ কর্মকর্তাকে হাতে কলমে স্বাস্থ্য ব্যবস্থাপনায় মনিটরিং বিষয়ে প্রশিক্ষণ প্রদান করবেন।

২.৩: পরিদর্শনকালে পরিদর্শনকারী কর্মকর্তাগণকে একনজরে স্বাস্থ্য সেবাদানকারী প্রতিষ্ঠানের বাহ্যিক স্বাস্থ্য ব্যবস্থাপনা (সিটিজেন চার্টার/পরামর্শ সেবা তথ্য/ঔষধ সরবরাহের তথ্য বোর্ডে প্রদর্শন/নারী বান্ধব পরিবেশ/এপ্রোন পরিধান/ দালাল ও মেডিকেল রিপ্রেজেনটেটিভের তৎপরতা/বায়োমেট্রিক মেশিন ইত্যাদির ব্যবহার) মূল্যায়ন করতে হবে।

২.৪: প্রতিষ্ঠানটির স্বাস্থ্য সেবা সংক্রান্ত মৌলিক তথ্যাদি যেমন বহি:বিভাগ ও অন্ত:বিভাগে রোগী, জরুরি বিভাগের সেবা, মাতৃ ও শিশু স্বাস্থ্য সেবা বিশেষত: স্বভাবিক প্রসব এবং সিজারিয়ান প্রসব সম্পর্কে তথ্যাদি পর্যালোচনা করতে হবে।

২.৫: পরিদর্শনকালে স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানের পরিস্কার-পরিচ্ছন্নতা, বর্জ্য ব্যবস্থাপনা, ডাক্তারসহ স্বাস্থ্য সেবা কর্মীর উপস্থিতি, ঔষধ ও পথ্য সরবরাহ, চিকিৎসা যন্ত্রপাতিসহ সরকারি সম্পত্তি রক্ষণাবেক্ষণ ইত্যাদি বিষয়ে অনুসন্ধানমূলক পর্যালোচনা করতে হবে।

২.৬: পরিদর্শনকারী কর্মকর্তাগণ প্রতিষ্ঠানের কর্মকর্তাদের সাথে স্বাস্থ্য ব্যবস্থাপনায় সরকারের দর্শন, মন্ত্রণালয় সম্পৃক্ত নির্দেশনা বিষয়ে উদ্ধুদ্ধকরণ এবং সচেতনতামূলক পরামর্শ প্রদান করবেন। এছাড়া পরিদর্শনকারী কর্মকর্তাগণ প্রতিষ্ঠান পরিচালনা ও সেবাদান প্রক্রিয়ায় শুদ্ধাচার প্রতিষ্ঠা এবং নৈতিকতা প্রতিপালন বিষয়ে উদ্ধুদ্ধকরণ পরামর্শ প্রদান করবেন।

২.৭: পরিদর্শনকারী কর্মকর্তাগণকে জেলা/উপজেলার রোগ মানচিত্র (ডিজিজ প্রোফাইল) জনস্বাস্থ্যের অবস্থান, স্বাস্থ্যসূচকের অগ্রগতি ইত্যাদি বিষয়ে পরীক্ষাপূর্বক মন্ত্রণালয়কে মতামত প্রদান করতে হবে।

২.৮: পরিদর্শনকারী কর্মকর্তাগণকে স্বাস্থ্য সেবাদানকারী প্রতিষ্ঠানের সমস্যা ও চ্যালেঞ্জ সনাক্তকরণে সহায়তাদান ও উত্তরণে সুপারিশ দান করতে হবে যাতে পরিদর্শন অভিজ্ঞতা নীতি নির্ধারণী কাজে সহায়তা প্রদান করবে।

২.৯: পরিদর্শনকালে প্রতিষ্ঠান ও ডাক্তারসহ স্বাস্থ্য সেবাকর্মীর উল্লেখযোগ্য সাফল্য ও কৃতিত্ব থাকলে তা সংগ্রহ করতে হবে।

২.১০: মন্ত্রণালয়ের কর্মকর্তা/পরিদর্শন জুটি কর্তৃক স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান পরিদর্শনকালে প্রতিষ্ঠানকে গুরুত্বসহ পরিদর্শনের কাজে সহযোগিতা করতে হবে। এছাড়া পরিদর্শনের মৌখিক/লিখিত মূল্যায়নের প্রেক্ষিতে প্রথম সাত দিনের মধ্যে তাৎক্ষণিক গৃহীত ব্যবস্থা সম্পর্কে প্রতিবেদন অতিরিক্ত সচিব (প্রশাসন) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বরাবর দাখিল করতে হবে।

২.১১: প্রতি সপ্তাহে মনিটরিং সেলের কর্মকর্তারা মনিটরিং সেলের প্রধানের সাথে অনানুষ্ঠানিক সভা অনুষ্ঠান করবেন এবং পরিদর্শনকৃত প্রতিষ্ঠান প্রধানকে প্রতি ৩ মাসে পরিদর্শন প্রতিবেদন পর্যালোচনা ও সুপারিশ বাস্তবায়ন বিষয়ে আনুষ্ঠানিক সভা আয়োজন করতে হবে ।

২.১২: মনিটরিং সেলের কর্মকর্তাগণকে/পরিবীক্ষণ জুটিকে প্রতিমাসে অন্তত একটি স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান পরিদর্শন করতে হবে।

১২.৩: মনিটরিং সেল প্রয়োজনে সদস্য কো-অপ্ট/পরিবর্তন করতে পারবে। পরিদর্শনকাজে সক্ষমতা বৃদ্ধির জন্য ছয়মাস পর নতুন কর্মকর্তাদেরকে এই সেলে অন্তর্ভুক্তকরণের বিষয় বিবেচনা করতে হবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হল এবং ইতোপূর্বে এ সংক্রান্ত ১৩.০৮.২০১৫ তারিখের ৪৫.১৪১.০০৫.০০.০০.০০৭.২০১৫-১৬৮ নম্বর আদেশটিও এতদ্বারা বাতিল করা হ'ল।

০৮/০৬/২০১৭

(মো: লুৎফর রহমান)
উপসচিব
ফোনঃ ৯৫৪০৩৬২
ই-মেইল-monitor@mohfw.gov.bd

সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জনাব ফয়েজ আহম্মদ, অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
২. জনাব মসিউর রহমান, যুগ্মসচিব (নার্সিং ও মিডওয়াইফারী), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
৩. জনাব জাকিয়া সুলতানা, যুগ্মসচিব (সরকারি ও বেসরকারি ব্যবস্থাপনা এবং মনিটরিং), স্বাস্থ্য সেবা বিভাগ, ঢাকা।
৪. জনাব আ: গাফ্ফার খান, যুগ্ম সচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
৫. জনাব মো: সাইফুল হাসান বাদল, যুগ্মসচিব (ক্রয় ও সংগ্রহ এবং সিবিএমই), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।

৬. ড: মো: এনামুল হক, উপ সচিব (বাজেট-১, ২, ৩, ৪), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
৭. জনাব নাহিদ সুলতানা মল্লিক, উপসচিব (মানবসম্পদ), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
৮. জনাব হাসান মাহমুদ, উপসচিব (নির্মাণ/মেরামত/ক্রয় ও সংগ্রহ), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
৯. জনাব মো: মোতাহার হোসেন, উপসচিব (বিশ্বস্বাস্থ্য-১/২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
১০. জনাব মো: রেজাউল আলম, উপসচিব (প্রশাসন-১),স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
১১. জনাব আসমা তাসকিন, উপসচিব (শৃঙ্খলা),স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
১২. জনাব মোঃ মজিবুর রহমান, উপপ্রধান (স্বাস্থ্য) পরিকল্পনা অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
১৩. জনাব মাকসুদা ইয়াসমিন, সিনিয়র সহকারী সচিব (জনস্বাস্থ্য-১/২ এবং ঔষধ প্রশাসন-১, ২ ও নীতি), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
১৪. জনাব এস এম জাহাঙ্গীর হোসেন, সিনিয়র সহকারী সচিব (প্রবা-১/২),স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
১৫. জনাব মো: লুৎফর রহমান, উপসচিব, প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪. সিস্টেম এনালিষ্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।